



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



ঢাশিবো/বি/১৮১/ঢাকা/ ২৬৪

তারিখ: ২৬/০১/২০

বিষয়: প্রধান শিক্ষক পদে দায়িত্ব হস্তান্তর প্রসঙ্গে।

- সূত্র: ১. বোর্ডের স্মারক নং ঢাশিবো/বি/১৮১/ঢাকা/৪৪৪, তারিখ: ২৮/০৪/২০২২, এর আদেশ।
২. দেওয়ানী মোকদ্দমা নং-৩৭২/২০২২ তারিখ: ১৫/০৩/২০২২ এর আদেশ।
৩. দেওয়ানী মোকদ্দমা নং-৯৭৯/২০২২।
৪. দেওয়ানী মোকদ্দমা নং-৫৩৬/২০২২ তারিখ: ২২/০৫/২০২২ এর আদেশ।
৫. জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা, শিক্ষা শাখা কর্তৃক প্রেরিত পত্র নং ০৫.৪১.২৬০০.০১৩.৫৫.৭৪৪.১৬.৪, তারিখ: ১১/০১/২০২৩ ইং।
৬. জনাব, মো জিয়াউল হক, সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) কর্তৃক গত ১৩/০১/২০২৩ তারিখে মাননীয় চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর প্রেরিত পত্র।
৭. জনাব শাহনাজ পারভীন, সহকারী শিক্ষক (বাংলা) কর্তৃক গত ১৭/০১/২০২৩ তারিখে মাননীয় চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর প্রেরিত পত্র।
৮. জনাব মোহাম্মদ মিজানুর রহমান, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) কর্তৃক যথাক্রমে গত ১৮/০১/২০২৩ ইং ও ১৯/০১/২০২৩ ইং তারিখে মাননীয় চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা বরাবর প্রেরিত পত্র।
৯. বোর্ডের আইন উপদেষ্টার মতামত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ঢাকা মহানগরীর কদমতলী থানাধীন “সালাহউদ্দিন আহমেদ উচ্চ বিদ্যালয়” এ সূত্রোক্ত (১) নং ক্রমিক উল্লিখিত পত্রের মাধ্যমে উক্ত বিদ্যালয়টির প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) পদে দায়িত্ব হস্তান্তর প্রসঙ্গে পত্র প্রেরণ করা হয়। বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোহাম্মদ মিজানুর রহমান ও সহকারী প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মো জিয়াউল হক উভয়ের চূড়ান্ত বরখাস্ত অনুমোদন সংক্রান্ত বিষয়টি বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটি বরাবর প্রক্রিয়াধীন/বিচারাধীন অবস্থায় রয়েছে। উল্লেখ্য যে, বিভিন্ন সময়ে তাঁরা বাদী/বিবাদী হয়ে একে-অপরের বিরুদ্ধে বিভিন্ন মোকদ্দমা দায়ের করেছেন, উক্ত মোকদ্দমা সমূহ বর্তমানে বিচারাধীন রয়েছে।

সূত্রোক্ত (৫) নং ক্রমিক উল্লিখিত স্মারক মূলে “সালাহউদ্দিন আহমেদ উচ্চ বিদ্যালয়” ঢাকা - এর প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) নির্ধারন প্রসঙ্গে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ঢাকা কর্তৃক স্বাক্ষরিত পত্রের আলোকে এবং সূত্রোক্ত (৪) নং ক্রমিক উল্লিখিত দেওয়ানী মোকদ্দমা নং ৫৩৬/২০২২ তারিখ: ২২/০৫/২০২২ এর আদেশ মোতাবেক “বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০২১” এর ১৩ (জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা নির্ধারণ) অনুচ্ছেদ অনুসরণ পূর্বক এম.পি.ও. ভুক্ত শিক্ষকদের মধ্যে জ্যেষ্ঠতম শিক্ষক জনাব শাহনাজ পারভীন, সহকারী শিক্ষক (বাংলা) কে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে “প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)” হিসাবে দায়িত্ব প্রদান করা হলো।

শর্ত সমূহ:

- ১। এ আদেশ টি কেবল মাত্র “প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)” এর ক্ষেত্রে প্রযোজ্য হবে, প্রধান শিক্ষক পদের ক্ষেত্রে প্রদত্ত আদেশটি প্রযোজ্য নয়।
- ২। এ আদেশের ফলে বিদ্যালয়ের এমপিও ভুক্তির তালিকায় তাঁর পদের কোন পরিবর্তন হবে না।
- ৩। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) হিসাবে দায়িত্ব পালনকালীন সময়ে তিনি অতিরিক্ত কোন ভাতা/আর্থিক সুবিধাদি দাবি করতে পারবেন না।
- ৪। বিদ্যালয়ের প্রধান শিক্ষক পদের বিপরীতে দায়েরকৃত বিভিন্ন মোকদ্দমা সমূহের প্রদত্ত আদেশকে বহাল/সম্মত রাখার জন্য মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা বিধি মোতাবেক প্রয়োজনীয় যে কোন পদক্ষেপ গ্রহণ করার অধিকার সংরক্ষণ করে।
- ৫। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা যে কোন সময়ে এ আদেশটি বাতিল/প্রত্যাহার করার অধিকার সংরক্ষণ করে।

বর্নিতাবস্থায়, “সালাহউদ্দিন আহমেদ উচ্চ বিদ্যালয়” এ বর্তমানে কোন ধরনের কমিটি না থাকায় উল্লিখিত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বা:

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

জেলা প্রশাসক এর কার্যালয়, শিক্ষা শাখা

ঢাকা।

মেমো নং ২৬৪(২০)

তারিখ: ২৬/০১/২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত্র, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, ঢাকা।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। জনাব মোহাম্মদ মিজানুর রহমান, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), সালাহউদ্দিন আহমেদ উচ্চ বিদ্যালয়, পূর্ব জুরাইন, কদমতলী, ঢাকা
- ৭। জনাব, মো জিয়াউল হক, সহকারী প্রধান শিক্ষক, (বরখাস্তকৃত), সালাহউদ্দিন আহমেদ উচ্চ বিদ্যালয়, পূর্ব জুরাইন, কদমতলী, ঢাকা
- ৮। জনাব শাহনাজ পারভীন, সহকারী শিক্ষক (বাংলা), সালাহউদ্দিন আহমেদ উচ্চ বিদ্যালয়, পূর্ব জুরাইন, কদমতলী, ঢাকা
- ৯। পি, এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

২৬/১/২০২৩